

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, ঢাকা
আগ্নেয়াস্ত্র শাখা
www.dhaka.gov.bd

নম্বর: ০৫.৪১.২৬০০.০২৪.৪৪.২৭১.২১-৬৪৬

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩০
০৯ অক্টোবর ২০২৩

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা ঢাকা জেলার আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত Digital Arms Management System (DAMS) এর মাধ্যমে আগ্নেয়াস্ত্রের নবায়নসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীগণের ডাটা অনলাইনে এন্ট্রিকরণের সময়সীমা আগামী ১৫ই অক্টোবর ২০২৩ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো। বর্ধিত সময়ের মধ্যে নির্ধারিত ফরমে প্রয়োজনীয় তথ্যাবলী পূরণপূর্বক অত্র কার্যালয়ের আগ্নেয়াস্ত্র শাখায় প্রয়োজনীয় কাগজপত্র (মূল লাইসেন্স, এনআইডি ও টিন সার্টিফিকেট এর ফটোকপি এবং পাসপোর্ট সাইজ ছবি, লাইসেন্সধারীর স্বাক্ষর) জমা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

০২। উল্লিখিত বর্ধিত সময়ের মধ্যে আগ্নেয়াস্ত্রের লাইসেন্সধারীগণের তথ্য জমা দিতে ব্যর্থ হলে অথবা আগ্নেয়াস্ত্রের লাইসেন্সধারীগণের অবহেলার কারণে তথ্য Digital Arms Management System (DAMS) এ আপলোড করা সম্ভব না হলে DAMS সিস্টেম ব্যবহার করে ভবিষ্যতে কোন আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন করা যাবে না।

স্বাক্ষরিত/-
আনিসুর রহমান
জেলা ম্যাজিস্ট্রেট
ঢাকা

ফোন: ০২-২২৩৩৮৯৭৮৬
E-mail: dcdhaka@mopa.gov.bd